

The 13th ASEM Summit (25-26 November 2021)

November 24, 2021

13 তম আসেম (ASEM) শীর্ষ সম্মেলন (25-26 নভেম্বর 2021)

নভেম্বর 24, 2021

"স্ট্রেনদিং মাল্টিলাটারেলিজম ফর শেয়ারড গ্রোথ" বা "বন্ডিত উন্নতির জন্য বহুপাক্ষিকতাকে শক্তিশালী করা" মূল বিষয়ের উপরে 13 তম এশিয়া-ইউরোপ মিটিং (আসেম) শীর্ষ সম্মেলন 25-26 শে নভেম্বর 2021 তারিখে ভারুয়ালি অনুষ্ঠিত হবে। ভারতের সম্মানীয় উপ রাষ্ট্রপতি শ্রী ভেঙ্কাইয়া নাইডু এই শীর্ষ সম্মেলনে ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দেবেন। আশা করা যাচ্ছে যে এই সম্মেলনে 51টি সদস্য দেশ এবং আসিয়ান ও ইউরোপীয় ইউনিয়নের যোগদান লক্ষ্য করা যাবে। এই শীর্ষ সম্মেলনটি আসেম প্রক্রিয়ার 25তম বৎসর পূর্তি হিসেবেও চিহ্নিত।

আসেমের সভাপতি হিসেবে কম্বোডিয়া 13 তম শীর্ষ সম্মেলনের আয়োজন করেছে। আশা করা যাচ্ছে বেশ কিছু সংখ্যক দেশ/ সরকারের প্রধানরা এই শীর্ষ সম্মেলনে যোগদান করবেন। 2021-এর আসেম আলোচ্যসূচিতে বহুপাক্ষিকতাকে শক্তিশালী করা, অতিমারি পরবর্তী কালে আর্থ-সামাজিক পুনরুদ্ধার এবং উন্নয়ন সম্পর্কিত বিষয়গুলি, তার সাথে অভিন্ন স্বার্থ এবং উদ্বেগের অন্যান্য আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়গুলিকে অগ্রাধিকার দেওয়া হবে।

উদ্বোধন অনুষ্ঠানের সাথে সাথে উপ রাষ্ট্রপতি প্রথম পূর্ণাঙ্গ অধিবেশন ও শীর্ষ সম্মেলনের সমাপ্তি অধিবেশনেও অংশগ্রহণ করবেন আর সংশোধিত বহুপাক্ষিকতা, অতিমারির বিরুদ্ধে লড়াই ও অতিমারি পরবর্তীকালে পুনরুদ্ধার, বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তনের প্রশমন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা(এসডিজি), সামুদ্রিক নিরাপত্তা ও সুরক্ষা ইত্যাদির মত ক্ষেত্রগুলি নিয়ে মত বিনিময় করবেন।

আসেম হল আঞ্চলিক এবং বৈশ্বিক বিষয়গুলি নিয়ে এবং রাজনৈতিক ও নিরাপত্তা, অর্থনৈতিক এবং আর্থিক ও সামাজিক-সাংস্কৃতিক এই তিনটি স্তর থেকে উদ্ভূত এক বিস্তৃত এলাকা জুড়ে সহযোগিতাকে শক্তিশালী করার জন্য মত বিনিময়ের এশিয়া ও ইউরোপের দেশগুলির জন্য একটি মঞ্চ। আসেম গোষ্ঠী 51টি সদস্য দেশ এবং 2টি আঞ্চলিক প্রতিষ্ঠান- ইউরোপীয় ইউনিয়ন এবং আসিয়ান নিয়ে গঠিত। গোষ্ঠীভুক্ত দেশগুলি বিশ্বব্যাপী 65% জিডিপি, বিশ্বের জনসংখ্যার 60%, বিশ্ব পর্যটনের 75% বিশ্ব বাণিজ্যের 55% প্রতিনিধিত্ব করে। আসেম শীর্ষ সম্মেলন এশিয়া এবং ইউরোপের দেশগুলির মধ্যে পর্যায়ক্রমে প্রতি দুই বৎসর অন্তর অনুষ্ঠিত হয় এবং পারস্পরিক সম্মান ও সমান অংশীদারিত্বের নীতিতে অভিন্ন স্বার্থের রাজনৈতিক, অর্থনৈতিক, আর্থিক, সামাজিক, সাংস্কৃতিক এবং শিক্ষার বিষয়গুলির ক্ষেত্রে এশিয়া ও ইউরোপের মধ্যে আলোচনা এবং সহযোগিতার অগ্রাধিকারকে নির্ধারণ করার জন্য সর্বাঙ্গবর্তী কার্যক্রম হল আসেম প্রক্রিয়া। আসেম প্রক্রিয়াতে ভারত 2006 সালে যোগদান করেছে। 2008 সালের সপ্তম আসেম শীর্ষ সম্মেলনে ভারত থেকে প্রথম শীর্ষস্থানীয় অংশগ্রহণ করতে দেখা গেছে।

নিউ দিল্লি

নভেম্বর 24, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.